# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৫৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হে হাদীসগুলো স্পষ্টভাবে প্রমাণ করে যে, আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সেই সালাতে উপস্থিত ছিলেন, এমন নয় যে, তিনি হাদীসটি অন্য সাহাবীর থেকে বর্ণনা করেছেন, যেমনটা হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তি ধারণা করে থাকে, যেখানে তিনি হাদীসের মূলপাঠে গভীরভাবে নজর দেয়নি এবং সহীহ হাদীসসমূহে বুৎপত্তি অর্জন করেনি

ذِكْرُ الْأَخْبَارِ الْمُصَرِّحَةِ بِأَنَّ أَبَا هُرَيْرَةَ شَهِدَ هَذِهِ الصَّلَاةَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لا أنه حكاها كَمَا تَوَهَّمَ مَنْ جَهِلَ صِنَاعَةَ الْحَدِيثِ حَيْثُ لَمْ يُنْعِمِ النَّظَرَ فِي مُتُونِ الْأَخْبَارِ وَلَا تفقه في صحيح الآثار

---

আরবী

2253 ـ وَأَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شُمَيْلٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ عَوْنٍ عَنِ ابْنِ سِيرِينَ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِحْدَى صَلَاتَيِ الْعَشِيِّ ـ قَالَ ابْنُ سِيرِينَ: سَمَّاهَا لَنَا أَبُو هُرَيْرَةَ فَنَسِيتُ أَنَا ـ فَصَلَّى بِنَا رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ ثُمَّ قَامَ إِلَى خَشَبَةٍ مَعْرُوضَةٍ فِي الْمَسْجِدِ فَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى الْيُسْرَى وشبَّك بَيْنَ أَصَابِعِهِ وَاتَّكَأَ عَلَى خَشَبَةٍ ـ كَأَنَّهُ غَضْبَانُ ـ قَالَ: وَخَرَجَ سَرَعَانُ النَّاسِ قَالَ النَّضر: يَعْنِي أَوَائِلَ النَّاسِ ـ فَقَالُوا: أقَصُرَتِ الصَّلَاةُ؟! وَفِي الْقَوْمِ أَبُو بَكْرٍ وَعُمَرُ فَهَابَاهُ أَنْ يكلِّماه وَفِي الْقَوْمِ رَجُلٌ فِي يَدِهِ طُولٌ ـ يُقَالُ لَهُ: ذُو الْيَدَيْنِ ـ فَقَالَ: أقصُرتِ الصَّلَاةُ أَمْ نَسِيتَ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

(لَمْ تَقْصُرِ الصَّلَاةُ وَلَمْ أنسَ) فَقَالَ لِلْقَوْمِ: (أَكَمَا يَقُولُ ذُو الْيَدَيْنِ؟ ) قَالُوا: نَعَمْ فَصَلَّى مَا كَانَ تَرَكَ ثُمَّ سَلَّمَ ثُمَّ كَبَّرَ وَسَجَدَ مِثْلَ سُجُودِهِ ـ أَوْ أَطْوَلَ ـ ثُمَّ رَفَعَ رَأْسَهُ وَكَبَّرَ ثُمَّ كَبَّرَ وَسَجَدَ مِثْلَهُ ـ أَوْ أَطْوَلَ ـ ثُمَّ رَفَعَ رَأْسَهُ ثُمَّ كَبَّرَ قَالَ: فَرُبَّمَا سَأَلُوا محمداً: ثُمَّ سَلَّمَ؟ فَيَقُولُ: نُبِّئْتُ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّهُ قال: ثم سلم.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2253 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 130) , ((الروض النضير)) (1097) ((صحيح أبي داود)) (923).

বাংলা

২২৫৩. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিয়ে রাতের এক সালাত আদায় করেন।” ইবনু সিরীন রহিমাহুল্লাহ বলেন, “আবূ সেই সালাতের নাম বলেছিল, কিন্তু আমি তা ভুলে যাই।” আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “তিনি আমাদের নিয়ে দুই রাকা‘আত সালাত আদায় করেন। তারপর সালাম ফেরান। তারপর তিনি মাসজিদে আড়াআড়ি করে রাখা একটি কাঠের উদ্দেশ্যে দাঁড়ান এবং ডান হাতকে বাম হাতের উপর রাখেন, হাতের আঙ্গুলগুলোকে একটিকে অপরটির মাঝে ঢুকিয়ে দেন এবং কাঠের উপর হেলান দেন। এসময় যেন তিনি রাগান্বিত ছিলেন। অগ্রবর্তী লোকজন এসময় চলে যান।” নযর রহিমাহুল্লাহ বলেন, “অর্থাৎ আগের লোকজন চলে যান।” লোকজন এসময় বলাবলি করেন, “সালাত কি কমিয়ে দেওয়া হয়েছে? লোকদের মাঝে আবূ বকর, উমার প্রমুখ সাহাবীগণ। কিন্তু তারা তাঁর সাথে কথা বলতে ভয় পান। লোকদের মাঝে একজন সাহাবী ছিলেন, যার হাত লম্বা ছিল, এজন তাকে যুল ইয়াদাইন বলা হয়। তিনি বলেন, “সালাত কি কমিয়ে দেওয়া হয়েছে নাকি আপনি ভুলে গেছেন?” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “সালাত কমিয়ে দেওয়া হয়নি আর আমি ভুলেও যাইনি।” অতঃপর তিনি লোকদের বলেন, “যুলইয়াদাইন যা বলছে, ব্যাপার কি তাই?” সাহাবীগণ উত্তর দিলেন, “জ্বী, হ্যাঁ।” তারপর তিনি বাদ দিয়েছিলেন, তা আদায় করেন। তারপর সালাম ফেরান। তারপর তাকবীর দিয়ে অন্যান্য সাজদার মতোই অথবা তার চেয়ে দীর্ঘ সাজদা করেন। তারপর সাজদা থেকে মাথা উত্তলন করেন অতঃপর তারপর তাকবীর দিয়ে অন্যান্য সাজদার মতোই অথবা তার চেয়ে দীর্ঘ সাজদা করেন। তারপর সাজদা থেকে মাথা উত্তলন করেন এবং তাকবীর দেন।”

রাবী বলেন, “কোন কোন সময় অধঃস্তন রাবী তাদের উস্তাদ মুহাম্মাদ রহিমাহুল্লাহকে জিজ্ঞেস করেন, “তারপর কি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাম ফিরিয়েছিলেন?” জবাবে তিনি বলেন, “আমাকে ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে আমাকে হাদীস বলা হয়েছে, তিনি বলেন, “তারপর তিনি সালাম ফিরিয়েছেন।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৯৩; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১২১; সহীহ আল বুখারী: ৭১৪; আবূ দাঊদ: ১০০৯; তিরমিযী: ৩৯৯; নাসাঈ: ৩/২২; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৪৪৪; সুনান বাইহাকী: ২/৩৫৬; সহীহ মুসলিম: ৫৭৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91571

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন